



জেলা পরিষদ
রাজবাড়ী
www.zprajbari.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৩০.৮২০০.০০১.০৬.০০১.১৭-

০২ অগ্রহায়ণ ১৪২৭

তারিখ : -----

১৭ নভেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

রাজবাড়ী জেলা পরিষদে অস্থায়ী ভিত্তিতে নিম্নের ছক মোতাবেক শূন্য পদে লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/- টাকা (গ্রেড-২০)	০২ (দুই) টি।	অষ্টম শ্রেণী/ জে.এস.সি পাস/ সমমান।

শর্তাবলি :

- আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ (এক) পাতার চাকরির আবেদন ফরম পূরণ পূর্বক আবেদনপত্র আগামী ২৪.১২.২০২০ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী এই ঠিকানায় পাঠাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রেরিত এবং সরাসরি দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম অনলাইনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট : (www.mopa.gov.bd) এ পাওয়া যাবে।
- আবেদনকারীর বয়স ২৪.১২.২০২০ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় চাহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য সনদ। (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ। (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র। (ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা প্রমাণক হিসাবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত প্রমাণক হিসাবে মূল সনদ।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকরীর প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- দরখাস্ত বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে।
- আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) ও ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
- আবেদনকারীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত ৯.৫x৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক ফেরত খাম জমা দিতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান পরিপত্র, আদেশ ও নির্দেশাবলী প্রযোজ্য হবে।
- অফিস সহায়ক পদে নিয়োগের জন্য স্থানীয় সরকার বিভাগের যথাযথ ছাড়পত্র রয়েছে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বঃ

(মুহাম্মদ রফিকুল ইসলাম)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)

জেলা পরিষদ, রাজবাড়ী

ফোন : ০৬৪১ - ৬৬৬০৩ (অ)

ই - মেইল : zprajbari@yahoo.com